

## ১০ হাজার মোবাইল গেম ডেভেলপার তৈরি করবে সরকার

দেশের যুবসমাজকে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তুলে মোবাইল গেইমিং এবং বিশ্ব বাজারে বাংলাদেশের অংশগ্রহণ আরও দৃঢ় করার মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ 'জাতীয় পর্যায়ে মোবাইল গেইম উন্নয়ন কর্মসূচি' গ্রহণ করেছে। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ১০ হাজার ডেভেলপার তৈরিসহ নানা ধরনের প্রস্তুতি নিচ্ছে সরকার। এজন্য পূর্ণাঙ্গ অ্যাপস ডেভেলপার হিসেবে আট হাজার সাত শত



পঞ্চাশ জনকে এবং গেইমিং অ্যানিমেটর হিসেবে দুই হাজার আটশত জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। তারই ধারাবাহিকতায় দেশের বিভিন্ন স্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানে ২০টি কর্মশালার আয়োজন করা হবে। এরই অংশ হিসেবে গত মঙ্গলবার রাজধানীর ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'মোবাইল গেইম আইডিয়া উন্নয়ন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।